



হত্যা মামলায় কনটেন্ট ক্রিয়েটর আর এস ফাহিম কারাগারে



কনটেন্ট ক্রিয়েটর আর এস ফাহিম চৌধুরী। ছবি: সংগৃহীত

রাজধানীর গুলশান থানায় দায়ের করা একটি হত্যা মামলায় কনটেন্ট ক্রিয়েটর আর এস ফাহিম চৌধুরীকে কারাগারে পাঠানোর নির্দেশ দিয়েছেন আদালত। সোমবার (৩০ মার্চ) দুপুরে তাকে ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে হাজির করে পুলিশ। তদন্ত কর্মকর্তা অনুপস্থিত থাকায় গুলশান থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তাকে কারাগারে রাখার আবেদন জানান। পরে ঢাকার অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট জশিতা ইসলামের আদালতে শুনানি শেষে ওই আবেদন মঞ্জুর করা হয়। এর আগে রোববার (২৯ মার্চ) বিকেলে রাজধানীর মিরপুর চিড়িয়াখানা এলাকা থেকে জনতা ও শিক্ষার্থীরা তাকে আটক করে। উপস্থিত শিক্ষার্থীরা জানান, সামাজিক মাধ্যমে বিতর্কিত কর্মকাণ্ড এবং অতীতে ছাত্র আন্দোলনের বিপক্ষে অবস্থান নেওয়ার অভিযোগে তাকে ধরে রাখা হয়। পরে বিষয়টি আইনশৃঙ্খলা বাহিনীকে জানানো হয়। আটকের পর তাকে প্রথমে শাহ আলী থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়। পরবর্তীতে সেখান থেকে গুলশান থানায় নিয়ে যাওয়া হয়। আর এস ফাহিম চৌধুরী ইউটিউব ও ফেসবুকে পরিচিত কনটেন্ট নির্মাতা। তিনি মোহাম্মদপুরের সাবেক কমিশনার তারেকুজ্জামান রাজীবের ঘনিষ্ঠ হিসেবে পরিচিত। গত ৫ আগস্টের পর কিছু সময় দেশের বাইরে থাকার পর চলতি বছরের ২১ ফেব্রুয়ারি তিনি দেশে ফেরেন। দেশে ফিরে আবারও সামাজিক মাধ্যমে সক্রিয় হলে ‘জুলাই মঞ্চ’ নামে একটি সংগঠন তার গ্রেপ্তারের দাবি তোলে।